



## লারিজানি হত্যার জবাবে ইসরায়েলে ইরানের ক্ষেপণাস্ত্র হামলায় নিহত ২



ইসরায়েলকে লক্ষ্য করে ছোঁড়া ইরানের মিসাইল। ছবি: সংগৃহীত

লারিজানি ও সোলাইমানি হত্যার প্রতিশোধ হিসেবে ইরান মধ্য ইসরায়েলে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে। এতে অন্তত দুজন নিহত হয়েছেন। নিহতরা স্বামী-স্ত্রী বলে জানিয়েছে আল জাজিরা।

জর্ডানের রাজধানী আম্মান থেকে পাঠানো প্রতিবেদনে বলা হয়, প্রতিশোধমূলক এই হামলার বিষয়টি তেহরান সরাসরি নিশ্চিত করেছে।

সর্বশেষ হামলার পর মধ্য ইসরায়েলের বিস্তীর্ণ এলাকায় সতর্কসংকেত বেজে ওঠে। ক্ষয়ক্ষতির পূর্ণাঙ্গ হিসাব এখনও জানা যায়নি। এর আগে একই অঞ্চলে হামলায় তেল আবিব এবং পাশের শহর বনি ব্রাক ও রামাত গান-এ ব্যাপক ক্ষতি হয়।

ইসরায়েলি গণমাধ্যমে এক প্রত্যক্ষদর্শী বলেন, হামলার আঘাতে তাদের বসার ঘরের মাঝখানে বড় গর্ত সৃষ্টি হয়েছে। তার দাবি, ক্ষেপণাস্ত্রটি সরাসরি ভবনে আঘাত হানে। নিরাপদ কক্ষ থাকলেও সেখানে যাওয়ার সময় পাননি তারা।

এদিকে শ্যারন এলাকা ও বনি ব্রাকেও হতাহতের খবর পাওয়া গেছে। তেল আবিবের একটি কেন্দ্রীয় রেলস্টেশন ক্ষতিগ্রস্ত হওয়ায় সাময়িকভাবে সারা দেশে রেল চলাচল বন্ধ রাখা হয়। অন্যদিকে, উত্তর ইসরায়েলে প্রতিদিন প্রায় শতাধিক রকেট নিক্ষেপ করছে হিজবুল্লাহ। একই সময়ে ইরানের ক্ষেপণাস্ত্র হামলাও অব্যাহত রয়েছে। অনেক ক্ষেত্রে সমন্বিতভাবে এসব হামলা চালানো হচ্ছে, ফলে ইসরায়েলের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থার ওপর চাপ আরও বেড়েছে।